# পশ্চিম বঙ্গ সরকার
## সমষ্টি উন্নয়ন আধিকারিকের করণ
## কৃষ্ণনগর -২ সমষ্টিউন্নয়ন
## ধুবূলিয়া, নদীয়া

Office of the Block Development Officer * Dhubulia, Nadia * Krishnagar-II Dev. Block

# আশা কর্মী নিয়োগের বিজ্ঞপ্তি

পত্রাঙ্কঃ ১২৪৪/ KGR-II তারিখঃ- ১২/০৫/২০২২

Additional Mission Director , NHM & Jt. Secretary , H&FW Department , Government of West Bengal এর ৩১/০৩/২০২২ তারিখের পত্র নম্বর HFW-27011/3752018-NHM SEC- Dept. of H&FW/Pt-I/1113 এর আদেশনামা অনুয়ায়ী নদীয়া জেলার অন্তর্গত কৃষ্ণনগর -২ ব্লকের ০৪ ( চারটি ). গ্রাম পঞ্চায়েতের বিভিন্ন উপস্বাস্থ্য কেন্দ্রের অন্তর্গত বিভিন্ন গ্রাম সংসদের ০৫ ( পাঁচ ) জন "আশা কর্মী" নিয়োগের উদ্দেশ্যে সংশ্লিষ্ট গ্রাম সংসদ এলাকায় বসবাসকারী মহিলা প্রার্থীদের কাছ থেকে নির্দিষ্ট বয়ানের (সারণী - ১ দ্রষ্টব্য ) দরখাস্ত আহ্বান করা হচ্ছে ।

| শূন্য পদের বিবরণ | | | | | |
|---|---|---|---|---|---|
| ব্লক | গ্রাম পঞ্চায়েত | উপস্বাস্থ্য কেন্দ্র | শূন্য পদ | যে গ্রামের (পরিষেবা এলাকা) (Service Area) স্থায়ী বাসিন্দা হতে হবে | সংরক্ষণের বিবরণ |
| কৃষ্ণনগর -২ | বেলপুকুর | সোনডাঙ্গা | ১ | পুরানোপাড়া | জেনারেল |
| কৃষ্ণনগর -২ | সাধনপাড়া -২ | তাতলা | ১ | শান্তিনগর | তপশিলী জাতি |
| কৃষ্ণনগর -২ | নওপাড়া -১ | সিংহাটি | ১ | সিংহাটি কালুপাড়া | জেনারেল |
| কৃষ্ণনগর -২ | নওপাড়া -১ | হরিণডাঙা | ১ | ঝিটকিপোতা সাঁতরা পাড়া | তপশিলী জাতি |
| কৃষ্ণনগর -২ | ধুবূলিয়া-১ | ধুবূলিয়া ব্লক প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র (BPHC ) | ১ | ধুবূলিয়া দেশবন্ধুনগর , ব্লক প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র এলাকা ( BPHC area) , বাজার কলোনি , স্টেশনপাড়া | জেনারেল |

১. কেবল মাত্র বিবাহিতা / বিধবা / আদালত কর্তৃক ডিক্রিমূলে বিবাহ বিচ্ছিন্না মহিলারা আবেদন করতে পারেন।

২. আগ্রহি প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট গ্রামের সংশ্লিষ্ট সাব সেন্টারের পরিষেবা এলাকার (Service Area) স্থায়ী বাসিন্দা হতে হবে । প্রমান স্বরূপ সাম্প্রতিক নির্বাচক তালিকা অনুসারে প্রার্থীকে তার EPIC ও রেশন কার্ডের প্রত্যায়িত নকল অবশ্যই জমা দিতে হবে ।

৩. সাধারন প্রার্থীর বয়স ১২.০৫. ২০২২ তারিখে ৩০ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে । তপশিলী জাতি ও উপজাতি ভুক্ত প্রার্থিদের ক্ষেত্রে বয়সসীমা ঐ তারিখের ২২ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে ।

৪. প্রার্থীকে অবশ্য মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষায় উত্তীর্ণ অথবা মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষায় আপেয়ারড (Appeared) হতে হবে । এক্ষেত্রে মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষায় প্রাপ্ত নম্বর বিচার করা হবে । উচ্চতর শিক্ষাগত যোগ্যতা থাকা প্রার্থীদের উচ্চ শিক্ষার জন্য কোন মূল্যায়ন বা বিবেচনার সুবিধে থাকবে না ।

৫. উপরিউক্ত যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের মধ্যে, গ্রেড ওয়ান এবং গ্রেড – টু স্বনির্ভর গোষ্ঠীর সদস্যা, প্রশিক্ষণ প্রাপ্ত ধাই এবং লিঙ্ক ওয়ার্কারগণ সংশ্লিষ্ট বিভাগীয় সংশাপত্র দাখিল করলে অগ্রাধিকার বিবেচনার সুবিধা থাকবে ।

৬. সাব সেন্টার সন্নিহিত সংসদ সমূহের (সারণী দ্রষ্টব্য ) ২০১১ সালের জনগননা তথ্য প্রক্ষেপণ করে তপশিলি জাতি / উপজাতি অধ্যুষিত রূপে ঘোষিত ক্ষেত্রে তপশিলি জাতি ও উপজাতি শংসাপত্র দাখিল করলে সংরক্ষণের ক্ষেত্রে বিবেচিত হবেন ।

৭. আবেদনের সঙ্গে নিম্নলিখিত প্রমান পত্রের প্রত্যেকটির স্বপ্রত্যায়িত প্রতিলিপি জমা দিতে হবে । প্রযোজ্য প্রমাণ পত্র গুলির যে কোন একটি আবেদন পত্রের সঙ্গে সংযুক্ত না থাকলে আবেদন পত্রটি গ্রাহ্য হবে না ।

ক. জন্ম তারিখের শংসাপত্র বা মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষার এডমিট কার্ড / সার্টিফিকেট ।

খ. মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষায় উত্তীর্ণ বা অনুত্তীর্ণ হওয়ার মার্ক শিট ।

গ . এলাকার বাসিন্দা হিসেবে ভোটার পরিচয় পত্র (EPIC ) / রেশন কার্ড ।

ঘ . উপযুক্ত কর্তৃপক্ষের দেওয়া জাতি গত প্রমাণ পত্র (কেবলমাত্র তপশিলি জাতি ও উপজাতি ভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য ) ।

ঙ. প্রার্থীর স্বাক্ষর সহ ২ কপি পাসপোর্ট সাইজ ফটো ।

চ. উপযুক্ত কর্তৃপক্ষের দেওয়া গ্রেড – ১ এবং গ্রেড – ২ স্বনির্ভর গোষ্ঠীর ভুক্ত সদস্যা / প্রশিক্ষণ প্রাপ্ত দাই / লিঙ্ক ওয়ার্কার সংক্রান্ত প্রমাণ পত্র (প্রযোজ্য হলে ) ।

ছ. উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বীকৃত বিবাহ বিচ্ছিন্না মহিলা হওয়ার প্রমাণ পত্র ।

জ. বিবাহিতা / বিধবা প্রার্থীর ক্ষেত্রে উপযুক্ত প্রমাণপত্রের নথিপত্র ।

**নিয়োগের পূর্বে প্রার্থীকে অবশ্যেই জমাকৃত প্রমাণ পত্রের আসল দেখাতে হবে ।**

৮. উপরিউক্ত শর্ত পূরণকারী প্রার্থীদের সাক্ষাতের তারিখ , সময়, স্থান পত্রমারফত প্রার্থীদের ঠিকানায় ডাকযোগে জানানো হবে ।

৯. অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদন খারিজ হবে এবং পরবর্তীকালে অনুরোধ – উপরোধ গ্রাহ্য হবে না ।

১০. আবেদনপত্র জমা দেওয়ার স্থান কৃষ্ণনগর -২ সমষ্টি উন্নয়ন আধিকারিকের করণ কৃষ্ণনগর -২ সমষ্টি উন্নয়ন ধুবূলিয়া, নদীয়া (বি ডি ও অফিস )

১১. আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ ০২/০৬/২০২২ বিকেল ৩ টা পর্যন্ত ( শনি বার, রবি বার ও সরকারী ছুটির দিন ব্যাতিত )

Office of the Block Development Officer Krishnagar-II Dev. Block ★ Dhubulia, Nadia ★

সমষ্টি উন্নয়ন আধিকারিক
কৃষ্ণনগর -২ উন্নয়ন আধিকারিকে করণ
ধুবূলিয়া, নদীয়া
Block Devlopment Officer
Krishnagar -II Dev Block

পত্রাঙ্কঃ ১২৪৪/১(১২)/ KGR-II

তারিখ: ১২/০৫/২০২২

অবগতির এবং ব্যপক প্রচারের জন্যে প্রতিলিপিটি প্রেরিত হল -

১. মাননীয় জেলাশাসক, নদীয়া
২. মাননীয়, অতিরিক্ত জেলা শাসক (সাধারণ), নদীয়া
৩. মাননীয় মহকুমা শাসক, সদর, কৃষ্ণনগর, নদীয়া
৪. মাননীয় ডি. পি. এচ. এন., নদীয়া
৫. মাননীয় ডি. পি. ও., নদীয়া
৬. মাননীয় সভাপতি, কৃষ্ণনগর -২ পঞ্চায়েত সমিতি, ধুবূলিয়া নদীয়া
৭. মাননীয় কর্মাধ্যক্ষ, জন স্বাস্থ্য ও পরিবেশ স্থায়ী সমিতি, কৃষ্ণনগর -২ পঞ্চায়েত সমিতি, ধুবূলিয়া নদীয়া ।
৮. মাননীয় ব্লক স্বাস্থ্য আধিকারিক, ধুবূলিয়া গ্রামীণ হাসপাতাল, নদীয়া
৯. মাননীয় শিশু বিকাশ প্রকল্প আধিকারিক, কৃষ্ণনগর -২ , নদীয়া
১০. মাননীয় প্রধান, .............................. গ্রাম পঞ্চায়েত ।
১১. মাননীয় জেলা তথ্য আধিকারিক, নদীয়া, এ বিজ্ঞপ্তিটিকে জেলা ওয়েবসাইট এ আপলোড করার অনুরোধ করা হচ্ছে ।
১২. সম্পাদক, স্টিং নিউজ

Office of the Block Devel... Krishnagar-II Dev. Block ... Nadia

সমষ্টি উন্নয়ন আধিকারিক
কৃষ্ণনগর -২ উন্নয়ন আধিকারিকে করণ
ধুবূলিয়া, নদীয়া
Block Devlopment Officer
Krishnagar -II Dev Block